


বিসিএস ক্যাডার হবেন যেভাবে

১. ২৫তম বিসিএস : ২৫তম বিসিএসে ১৬১৯টি শূন্য পদের বিপরীতে প্রার্থী ছিলেন ১,৪০,১৭৪ জন। এর মধ্যে প্রিলিমিনারি টেস্টে অংশ নেন ১,১৯,৭৯৭ জন। প্রিলিমিনারি পরীক্ষায় ১৮,৬২৯ জন উত্তীর্ণ হন।



এতদিনের অর্জিত শিক্ষার তত্ত্বীয় ও প্রায়োগিকদিককে কাজে লাগাবার মতো পছন্দের কোনো একটি চাকরি করবে তখনই চাকরিহীন বাস্তবতার নিষ্ঠুরতা তাকে আষ্টেপৃষ্ঠে আঁকড়ে ধরে, হতাশ করে দেয়। এমন অবস্থায় বিসিএস পরীক্ষার মাধ্যমে ১ম শ্রেণীর একটি সরকারি চাকরি যেকোনো শিক্ষিত তরুণ-তরুণীর আজীবন লালিত স্বপ্ন। কিন্তু শূন্যপদের চেয়ে চাকরি প্রার্থীর সংখ্যা অচিন্ত্যনীয় পরিমাণ বেশি

২. ২৭তম বিসিএস : ১ জুলাই, ২০০৫ তারিখে মোট ১৭৭৬টি পদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। আবেদনপত্র প্রেরণের শেষ দিন ছিল ৩০ আগস্ট ২০০৫। প্রায় ১ লাখ ৩৫ হাজার আবেদনপত্র জমা পড়েছে।

পরিসংখ্যান থেকে অনুমান করা যায়, বিসিএস পরীক্ষা কত তীব্র প্রতিযোগিতামূলক এবং দিন দিন তা কিভাবে বেড়ে চলেছে। এই যখন অবস্থা তখন বিসিএসে সফল হতে হলে হাড্ডাহাড্ডি লড়াই করে জেতা ছাড়া উপায় নেই। আর সেজন্য প্রয়োজন সুশৃঙ্খল, সুপরিমার্জিত ও কঠোর পরিশ্রম নির্ভর প্রস্তুতি।

বিসিএস পরীক্ষার সিলেবাস অনির্ধারিত। পরীক্ষার আগ মুহূর্তে সবকিছু রিভিশন দেয়া কোনোভাবেই সম্ভব নয়। তাই নিকট অতীতের বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ সেরাদের নিয়ে আমরা তৈরি করেছি এই শেষ মুহূর্তের পূর্ণাঙ্গ প্রস্তুতি নির্দেশিকা। এখানে বিসিএস পরীক্ষায় অন্তর্ভুক্ত প্রত্যেকটি বিষয়ে আলোচনা করেছেন ও টিপস দিয়েছেন সংশ্লিষ্ট বিষয়ের সেরা শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ। এছাড়াও আছে তিনটি ফুললেছ মডেল টেস্ট, বিশেষ সাজেশন ও সম্ভাব্য প্রশ্নোত্তর। আছে প্রস্তুতির নানা দিক, প্রিলিমিনারিতে ভালো করার সফল কিছু টিপস।

আশা করি, পরীক্ষার এই আগ মুহূর্তে যদি কোনো শিক্ষার্থী আমাদের এই নির্দেশিকাটির ওপর চোখ বুলায় তাহলে অন্তত প্রিলিমিনারি পরীক্ষার অনেকখানিই আয়ত্তে এসে যাবে।

আরিফ খান মিরণ

‘সোনার হরিণ’ বোধহয় খুব দামি জিনিস, সেজন্য দুঃখাপ্য বা দুর্লভ কোনো কিছু বুঝাতে আমরা প্রাধান্য এই বাগধারাটি ব্যবহার করি। কিন্তু বর্তমান বাজারে চাকরির যে খরা চলছে তাতে চাকরি শুধু সোনার হরিণ নয় তা এখন হীরের বা আরো দামি কোনো পদার্থের তৈরি হরিণে পরিণত হয়েছে। দেশে বর্তমানে এক কোটির বেশি শুধু শিক্ষিত বেকার। নিরক্ষর বেকারদের কথা না হয় না-ই বললাম। যারা বছরের পর বছর কলেজ বিশ্ববিদ্যালয়ে সক্রিয়ভাবে পড়াশোনা করে স্বপ্ন দেখে

হওয়ায় তাদের অধিকাংশের সেই স্বপ্ন স্বপ্নই থেকে যায়। তাই বিসিএস পরীক্ষায় একজন পরীক্ষার্থীকে অকল্পনীয় প্রতিযোগিতার সম্মুখীন হতে হয়। এ তুমুল প্রতিযোগিতার কিছুটা আঁচ পাওয়া সম্ভব বিগত দু’তিনটি পরীক্ষার পরিসংখ্যান থেকে। যেমন:

১. ২৪তম বিসিএস : এ পরীক্ষায় ৪,৫৯৪টি শূন্য পদের বিপরীতে ১,২০,৬৪০ জন পরীক্ষার্থী আবেদন করে প্রিলিমিনারি পরীক্ষায় ৪৬,৭৯০ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়। ১ ফেব্রুয়ারি চূড়ান্ত ফল প্রকাশিত হয় এবং ৫,০৬৭ জন চূড়ান্তভাবে নির্বাচিত হয়।